**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 06-04-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) রাজ্য শীঘ্রই ১০০ শতাংশ নলের জল সংযোগে সাফল্য অর্জন করবে বলে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আশা প্রকাশ করেছেন।**

**(২) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, সরকার গত দশ বছরে দেশের সংযোগ স্থাপনে পরিকাঠামো শক্তিশালী করার জন্য প্রচেষ্ঠা চালিয়ে গেছে|**

**(৩) আজ দেশের বিভিন্ন স্থানে ধর্মীয়** উৎসাহ্ **ও উদ্দীপনার সাথে রাম নবমী পালিত হচ্ছে |**

**(৪) সারা দেশের সঙ্গে রাজ্যেও আজ বিজেপি'র প্রতিষ্ঠা দিবস উদযাপিত হচ্ছে|**

*********************************************************

## CM-Water:

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, রাজ্যে বর্তমানে ৮৭ শতাংশ বাড়িতে নলের জল সংযোগ পৌঁছে গেছে। আজ আগরতলায় সাইবাবা মন্দিরে রামনবমী উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে অংশগ্রহণের পর সাংবাদিকদের প্রশ্নের উত্তরে তিনি একথা বলেন।পাহাড়ি অঞ্চলে মাটির নিচে জলের অভাব রয়েছে| প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী নেতৃত্বে সরকার বৃষ্টির জল সংরক্ষণ করে রাখার প্রকল্প বাস্তবায়ন করছে| জল জীবন মিশনের আওতায় রাজ্য শীঘ্রই ১০০ শতাংশ নলের জল সংযোগে সাফল্য অর্জন করবে বলে মুখ্যমন্ত্রী আশা প্রকাশ করেন।

###########Byte CM##########

*************************

**PM:**

সরকার গত দশ বছরে দেশের চার কোনে সংযোগ স্থাপনে পরিকাঠামো শক্তিশালী করার জন্য প্রচেষ্ঠা চালিয়ে গেছে| প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ তামিলনাড়ুতে পামবান Vertical Lift সেতুর উদ্বোধন করে একথা বলেন| সেই সঙ্গে ৮,৩০০ কোটি টাকার রেল ও সরক প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন করে তিনি আরও বলেন, তামিলনাড়ুর উন্নয়ন জাতির উন্নয়নে অবদান রাখে| প্রকল্পগুলোকে তিনি রামনবমীর উপহার হিসেবে অভিহিত করে সঙ্গম সাহিত্যে ভগবান রামের উল্লেখ করেন| প্রধানমন্ত্রী প্রাক্তন রাষ্ট্রপতি আব্দুল কালামের কথা উল্লেখ করে বলেন, তাঁর জীবন আমাদের দেখিয়েছে বিজ্ঞান আধ্যাত্মিকতার সাথে যুক্ত| Vertical Lift সমুদ্র সেতুকে ২০ শতকের আশ্চর্য বলে অভিহিত করে তিনি প্রকৌশলীদের অভিনন্দন ও ধন্যবাদ জানান| শ্রী মোদী গত দশ বছরে বিভিন্ন সাফল্যের কথা উল্লেখ করে বলেন, দেশে সড়ক, বিমানবন্দর, জ্বালানি এবং পরিকাঠামোর জন্য বরাদ্দ ছয়গুন বৃদ্ধি পেয়েছে|

#########Byte PM#########

*************************

**Ram Nabami:**

আজ দেশের বিভিন্ন স্থানে ধর্মীয় উৎসাহ ও উদ্দীপনার সাথে রামনবমী পালিত হচ্ছে| এই উৎসব ভগবান বিষ্ণুর সপ্তম অবতার ভগবান রামের জন্মকে চিহ্নিত করে| চৈত্র মাসের নবমী তিথিতে রামনবমী পালিত হয়|

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু পবিত্র রামনবমী উপলক্ষে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন| তিনি ধর্ম, ন্যায়বিচার ও কর্তব্যের মূল্যবোধের উপরে জোর দিয়েছেন যা এই উৎসবের প্রতিনিধিত্ব করে|

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী রামনবমী উপলক্ষে জনগনকে শুভেচ্ছা জানিয়েছেন| তিনি আশা ব্যক্ত করেন প্রভু রামের আশীর্বাদ সকল প্রচেষ্ঠায় পথ দেখাবে|

রাজ্যেও নানা কর্মসূচির মধ্য দিয়ে রামনবমী পালিত হচ্ছে|

*************************

**Foundation Day:**

বিজেপি দলকে দেশব্যাপী সম্প্রসারিত করার জন্য দলীয় নেতাদের প্রতি শ্রদ্ধা জানিয়েছেন বিজেপি জাতীয় সভাপতি জগৎ প্রকাশ নাড্ডা। নয়াদিল্লীতে বিজেপি'র সদর দপ্তরে ভারতীয় জনতা পার্টির ৪৫ তম প্রতিষ্ঠা দিবসে দলীয় কর্মীদের উদ্দেশ্যে ভাষণ দিয়ে তিনি আরও বলেন, দলের আদর্শ- ভারতীয় ঐতিহ্য এবং সংস্কৃতির সাথে সম্পর্কিত|

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ ভারতীয় জনতা পার্টির ৪৫ তম প্রতিষ্ঠা দিবসে দলীয় কর্মীদের শুভেচ্ছা জানিয়েছেন| সামাজিক মাধ্যমে প্রধানমন্ত্রী দলীয় কর্মীদের বছরের পর বছর ধরে দল গঠনের জন্য কঠোর পরিশ্রম, সংগ্রাম এবং ত্যাগের জন্য ধন্যবাদ জানান|

*************************

**BJP - Foundation Day:**

আজ আগরতলায় বিজেপির প্রতিষ্ঠা দিবস উদযাপন করা হয়। দলের প্রদেশ কার্যালয় আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা, প্রদেশ বিজেপি সভাপতি রাজীব ভট্টাচাৰ্য্য, কৃষিমন্ত্রী রতনলাল নাথ, আগরতলা পুর নিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার সহ অন্যান্য নেতৃবৃন্দ ।মুখ্যমন্ত্রী বলেন, জনগণ বিজেপি দলের উপর তাদের আস্থা প্রকাশ করে চলেছে। তিনি আগামীদিনেও কার্যকর্তাদের তৃণমূল স্তর পর্যন্ত পৌঁছে মানুষদের আস্থা বজায় রাখার আহ্বান রেখেছেন।

*************************

**Foundation Day -UNAKOTI:**

ঊনকোটি জেলার ফটিকরায়ে আজ পালিত হয় বিজেপি'র প্রতিষ্ঠা দিবস। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, মৎস্যমন্ত্রী সুধাংশু দাস।

তিনি তাঁর ভাষণে বলেন, বিজেপি হচ্ছে বিশ্বের সর্ববৃহৎ রাজনৈতিক দল। তিনি সরকারের জনমুখী কর্মধারার কথা উল্লেখ করেন। এখানে দু'জন প্রবীণ কার্যকর্তাকে বিশেষ সম্মান জানানো হয়।

*************************

**Foundation day -South Tripura:**

বিজেপি'র প্রতিষ্ঠা দিবস নানা কর্মসূচিতে আজ দক্ষিন জেলায়ও পালিত হয়। বিলোনিয়ায় জেলা কার্যালয়ে দলীয় পতাকা উত্তোলন করেন দলের জেলা সভাপতি দীপায়ন চৌধুরী। এই উপলক্ষ্যে মতাইয়ের বুড়াকালিবাড়িতে স্বচ্ছতা অভিযান ও মতাই প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের রোগীদের মধ্যে ফল ও মিষ্টি বিতরন করা হয়|

*************************

**CPI(M):**

সিপিআই(এম)-এর সর্বভারতীয় সাধারন সম্পাদক হিসেবে নির্বাচিত হয়েছেন এম.এ বেবি| দলের ১৮ সদস্যের পলিটব্যুরুতে রয়েছেন সিপিআই(এম) রাজ্য কমিটির সম্পাদক জীতেন চৌধুরী| এছাড়া, ৮৫ জনের নতুন কেন্দ্রীয় কমিটিতে রাজ্যের নির্বাচিতরা হলেন মানিক দে, নরেশ জমাতিয়া, রতন ভৌমিক ও কৃষ্ণা রক্ষিত| উল্লেখ্য, সিপিআই(এম)-এর ২৪ তম সম্মেলন গত ২রা এপ্রিল থেকে মাদুরাইয়ে শুরু হয়ে আজ শেষ হয়েছে।

*************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে|

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ|

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা|

*************************

**Waqf (Amendment) Act, 2025:**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু গতকাল রাতে ওয়াকফ সংশোধনী বিলে সম্মতি দিয়েছেন। এর ফলে সংসদের উভয়কক্ষে পাস হওয়া সংশোধনী বিলটি আইনের পরিণত হলো। দীর্ঘ বিতর্কের পর গত বুধবার লোকসভায় ৫৬ ভোটের ব্যবধানে পাস হয়েছিল ওয়াকফ সংশোধনী বিল। পক্ষে পড়েছিল ২৮৮টি ভোট। বিপক্ষে পড়েছিল ২৩২টি ভোট। এরপর বৃহস্পতিবার গভীর রাতে সংশোধনী বিলটি রাজ্যসভায় পাশ হয়। পক্ষে ভোট পড়ে ১২৮ টি ও বিপক্ষে ৯৫ টি।

*************************

**Waqf:**

সংসদে গত ২রা ও ৩রা এপ্রিল ওয়াকফ সংশোধনী বিল ২০২৫ পাস হয়। রাষ্ট্রপতিও এই বিলে সম্মতি জানিয়েছেন| বহুদিন ধরেই চলছিল এই বিল নিয়ে আলোচনা পর্যালোচনা। এই ওয়াকফ সংশোধনী বিল ২০২৫ নিয়ে বিস্তারিত

একটি আলোচনা শোনা যাবে আজ রাত ৯.১৫ মিনিটে আকাশবাণীর আগরতলা কেন্দ্র থেকে।

*************************

**Basanti/ Nabami :**

আজ বাসন্তী পূজার মহানবমী। প্রথা অনুসারে আগরতলার দুর্গাবাড়ি সহ বিভিন্ন মন্দিরে ভোর থেকেই পূজার্চনা শুরু হয় এবং দিনভর চলে নানা ধর্মীয় আচার-অনুষ্ঠান। ভক্তদের মধ্যে ছিল ভক্তি ও উৎসবের এক অপূর্ব মেলবন্ধন।

*************************

**Ram Navami Bokafa BSF:**

দক্ষিণ জেলার বকাফা বিএসএফ ক্যাম্পাসে আজ রামনবমী উপলক্ষে বিএসএফের ১১৪ নম্বর বাহিনীর মন্দির ও ১২১ বাহিনীর মন্দিরে পূজা যজ্ঞানুষ্ঠান, আরতি, কীর্তন ও ভান্ডারা অনুষ্ঠিত হয়।

আজকের পূর্জার্চনার মধ্যে দিয়ে ৩০ মার্চ থেকে শুরু হওয়া নবরাত্রি অনুষ্ঠান শেষ হল বলে জানান বিএসএফের আধিকারিকরা।

*************************

**Youth Congress Meeting:**

যুব কংগ্রেসের কার্যকরি কমিটির সাংগঠনিক বৈঠক আজ প্রদেশ কংগ্রেস কার্যালয়ে অনুষ্ঠিত হয়। যুব কংগ্রেস রাজ্য সভাপতি নীলকমল সাহা জানান রাজ্যে ক্রমবর্ধমান নেশার রমরমা সহ চাকরি, স্বজনপোষণ ইত্যাদি বিষয়ে সভায় আলোচনা হয় এবং আন্দোলন কর্মসূচি গৃহিত হয়| বৈঠকে যুব কংগ্রেসের জেলা ও ব্লক সভাপতিরা অংশগ্রহণ করেন।

*************************

**Forward block press meet:**

স্বাধীনতা আন্দোলনে আজাদ হিন্দ ফৌজ সরকারের অবদানের বিভিন্ন নথিপত্র প্রকাশ সহ অন্যান্য দাবিতে আগামী ১১ এপ্রিল সংসদ অভিযান করবে সারা ভারত ফরওয়ার্ড ব্লক। আজ দলের রাজ্য কমিটির নেতা রঘুনাথ সরকার আগরতলায় দলীয় কার্যালয়ে সাংবাদিক সম্মেলনে একথা জানান।তিনি জানান, রাজ্য থেকেও একটি প্রতিনিধি দল এই অভিযানে অংশগ্রহণ করবে|

*************************

**World Health Day:**

বিশ্ব স্বাস্থ্য দিবস উপলক্ষে হেপাটাইটিস ফাউন্ডেশন অব ত্রিপুরার উদ্যোগে আগামীকাল আগরতলায় এক সচেতনতামূলক রেলি অনুষ্ঠিত হবে। সকাল ৭ টায় উজ্জয়ন্ত প্রাসাদের প্রধান ফটকের সামনে রেলির আনুষ্ঠানিক সূচনা করবেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা। রেলিতে শহরের বিভিন্ন স্বাস্থ্য ও শিক্ষা প্রতিষ্ঠান এবং সামাজিক সংস্থার প্রতিনিধিরা অংশগ্রহণ করবেন। বিশ্ব স্বাস্থ্য দিবসে এবারের প্রতিপাদ্য বিষয়,মা ও নবজাত শিশুর স্বাস্থ্য সুরক্ষা।

*************************

**Weather:**

আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। তাপমাত্রা সর্বোচ্চ ৩৫ ডিগ্রি এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৫.৪ ডিগ্রি এবং সর্বনিম্ন ২৪ ডিগ্রি সেলসিয়াস। আগামী ২৪ ঘণ্টায় রাজ্যের কিছু কিছু জায়গায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টির সম্ভাবনা রয়েছে।

*************************

*************************